

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫১

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৭০. যে সকল বিষয় থেকে বারণ করা হালাল নয়

باب فِي الَّذِي لَا يَحِلُّ مَنْعُهُ

## আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ حَدَّثَنَا كَهْمَسُ عَنْ سَيَّارٍ رَجُلٍ مِنْ فَزَارَةَ عَنْ أَبِيهِ عَنْ بُهَيْسَةَ عَنْ أَبِيهَا عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ أَتَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ أَتَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَأْذَنَهُ فَدَخَلَ بَيْنَهُ وَبَيْنَ قَمِيصِهِ وَقَدْ قَالَ عُثْمَانُ فَالْتَزَمَهُ فَقَالَ مَا الشَّيْءُ الَّذِي لَا يَحِلُّ مَنْعُهُ فَقَالَ مَا الشَّيْءُ الَّذِي لَا يَحِلُّ مَنْعُهُ قَالَ إِنْ تَفْعَلْ الْخَيْرَ خَيْرٌ لَكَ قَالَ مَا فَقَالَ الْمَلْحِ وَالْمَاء قِيلَ لِعَبْدِ الشَّيْءُ الَّذِي لَا يَحِلُّ مَنْعُهُ قَالَ إِنْ تَفْعَلْ الْخَيْرَ خَيْرٌ لَكَ وَانْتَهَى إِلَى الْمِلْحِ وَالْمَاءِ قِيلَ لِعَبْدِ اللَّهِ تَقُولُ بِهِ فَأَوْمَا بِرَأْسِهِ

## বাংলা

২৬৫১. বুহায়সাহ (রহঃ) তার পিতার সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন যে, একদা তিনি (তার পিতা) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অনুমতি নিয়ে তাঁর জামার অভ্যন্তরে ঢুকে যান-- (বর্ণনাকারী উছমান বলেছেন) এবং তাঁর দেহ মুবারকের সংগে সেঁটে যান। এ সময় তিনি বলেনঃ এমন কোন বস্তু আছে যা দিতে নিষেধ করা যায় না? তিনি বলেনঃ "পানি এবং লবন।" এরপর তিনি বলেনঃ এমন কোন বস্তু আছে যা দিতে নিষেধ করা যায় না? তিনি বলেনঃ "(তা) এই যে, তুমি যত ভাল কাজ করবে, তা তোমার জন্য ততই উত্তম।"

এরপর তিনি বলেনঃ এমন কোন বস্তু আছে যা দিতে নিষেধ করা যায় না? তিনি বলেনঃ "(তা) এই যে, তুমি যত ভাল কাজ করবে, তা তোমার জন্য ততই উত্তম।" (এভাবে বলতে বলতে) তিনি 'লবন ও পানি'র কথায় এসে থামলেন।[1]আব্দুল্লাহ কে বলা হলো, আপনিও কি তাই বলেন? তখন তিনি তার মাথা দ্বারা ইশারা করলেন।

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ জাইয়্যেদ বা উত্তম।



তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭১৭৭ তে। এছাড়াও, ইবনু হাযম, আল মুহাল্লা ৯/৫৪;

((আহমাদ ৩/৪৮০, ৪৮১; আবূ দাউদ, বুয়ূ ৩৪৭৬; তিরমিয়ী, বুয়ূ ১২৭১;...।-ফাতহুল মান্নান হা/২৭৭৭ এর টীকা হতে।-অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন